

# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাই প্রাকনির্বাচনী পরীক্ষা-২০২০

শ্রেণি-১০ম

বিষয় কোড: ১০২

বিষয়: বাংলা দ্বিতীয় পত্র (সৃজনশীল)

সময়: ২ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ৭০

[ডানপার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দুষণীয়।]

১। যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লিখ। ১০

ক) বৈশাখী মেলা খ) শিশু শ্রম

২। যেকোনো একটি বিষয়ে পত্র লেখ: ১০

ক) মনে কর, তুমি লাবিব, দিনাজপুরের অধিবাসী। এসএসসি পরীক্ষার পর অবসর দিনগুলো কীভাবে কাটাবে তা জানিয়ে তোমার ঢাকার বন্ধু রফিককে একখানা পত্র লেখ।

অথবা,

খ) মনে কর, তুমি রসুলপুরের অধিবাসী। তোমার এলাকায় পানীয় জলে আর্সেনিক দূষণের ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ।

৩। ক) সারাংশ লিখ: ১০

নিন্দা না থাকিলে পৃথিবীতে জীবনের গৌরব কি থাকিত? একটা ভালো কাজে হাত দিলাম, তাহার নিন্দা কেহ করে না, সেই ভালো কাজের নাম কী? একটা ভালো কিছু লিখিলাম তাহার নিন্দুক কেহ নাই, ভালো গ্রন্থের পক্ষে এমন মর্মান্তিক অনাদর কী হইতে পারে? জীবনকে ধর্মচর্চায় উৎসর্গ করিলাম, যদি কোনো মন্দ লোক তাহার মধ্যে মন্দ অভিপ্রায় না দেখিল, তবে সাধুতা সে নিতান্তই সহজ হইয়া পড়িল। মহত্বকে পদে পদে নিন্দার কাঁটা মাড়াইয়া চলিতে চায়। ইহাতে যে হার মানে, বীরের সংগতি সে লাভ করে না। পৃথিবীতে নিন্দা দোষীকে সংশোধন করিবার জন্য আছে তাহা নহে, মহত্বকে গৌরব দেওয়া তাহার একটা মস্ত কাজ।

অথবা,

খ) তরুতলে বসে পান্ন শান্তি করে দূর,  
ফল আশ্বাদনে পায় আনন্দ প্রচুর।  
বিদায়ের কালে হাতে ডাল ভেঙ্গে লয়,  
তরু তবু অকাতর কিছু লাহি কয়।  
দুর্লভ মানবজন্ম পেয়েছ যখন,  
তরুর আদর্শ কর জীবনে গ্রহণ।  
পরার্থে আপন সুখ দিয়ে বিসর্জন,  
তুমিও হও গো ধন্য তরুর মতোন।

৪। যেকোনো একটি ভাব-সম্প্রসারণ কর : ১০

ক) দুর্নীতি জাতীয় জীবনে অভিশাপ স্বরূপ।

খ) শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির  
লিখে রেখ এক ফোঁটা দিলেম শিশির।

৫। যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর : ১০

ক) তোমার বিদ্যালয়ে স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিব  
দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন কর।

খ) ‘পরিবেশগত ভারসাম্যের জন্য চাই বৃক্ষরোপণ’-এই শিরোনামে এ  
প্রতিবেদন লেখ।

৬। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ২০

ক) স্বদেশ প্রেম।

খ) মাতাপিতার প্রতি কর্তব্য

গ) দেশগঠনে ছাত্র সমাজের ভূমিকা।